

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮১৭

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ বাহনের উপর আরোহন করা অবস্থায় বাইতুল্লাহর তাওয়াফ করা বৈধ মর্মে বর্ণনা

ذِكْرُ جَوَازِ طَوَافِ الْمَرْءِ عَلَى رَاحِلَتِهِ

আরবী

3817 - أَخْبَرَنَا مَكْحُولٌ بِبِيْرُوْتَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ رَجَاءٍ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ: طَافَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى رَاحِلَتِهِ الْقَصْوَاءِ يَوْمَ الْفَتْحِ وَاسْتَلَمَ الرُّكْنَ بِمِحْجَنِهِ وَمَا وَجَدَ لَهَا مُنَاخًا فِي الْمَسْجِدِ حَتَّى أُخْرِجَتْ إِلَى بَطْنِ الْوَادِي فَأَنْيَخَتْ ثُمَّ حَمَدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ: (أَمَّا بَعْدُ أَيُّهَا النَّاسُ إِنَّ اللَّهَ قَدْ أَذْهَبَ عَنْكُمْ عُبَيْةَ الْجَاهِلِيَّةِ يَا أَيُّهَا النَّاسُ إِنَّمَا النَّاسُ رَجُلَانِ: بُرُّ تَقِيُّ كَرِيمٌ عَلَى رَبِّهِ وَفَاجِرٌ شَفِيُّ هَيْنَ عَلَى رَبِّهِ) ثُمَّ تَلَّا {يَا أَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُمْ مِنْ ذَكَرٍ وَأُنْثَى وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ لِتَعَاوَرُفُوا } [الحجرات: 13] حَتَّى قَرَأَ الْآيَةَ ثُمَّ قَالَ: (أَقُولُ هَذَا وَاسْتَغْفِرُ اللَّهَ لِي لِكُمْ ....

الراوي : ابن عمر رضي الله عنهما المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3817 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (2803).

বাংলা

৩৮১৭. আব্দুল্লাহ বিন উমার রাষ্ট্রিয়াল্লাহ আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের দিন তাঁর কাসওয়া নামক উষ্ট্রীর উপর আরোহন করে তাওয়াফ করেছেন এবং নিজ লাঠি দ্বারা রুকনে ইয়ামানী স্পর্শ করেছেন। তিনি মাসজিদে তাঁর উষ্ট্রী বসানোর মতো জায়গা পাননি, ফলে সেটাকে বাতনে ওয়াদীতে নিয়ে সেখানে বসানো হয়। তারপর তিনি আল্লাহর প্রশংসা ও গুণকীর্তন করলেন। তারপর তিনি বলেন, “অতঃপর, হে লোকসকল, নিশ্চয়ই আল্লাহ তোমাদের থেকে জাহিলিয়াতের অহমিকা অপসারণ করে দিয়েছেন। হে লোকসকল, নিশ্চয়ই মানুষ দুইভাগে বিভক্ত। (১) সৎকর্মশীল, আল্লাহভীরু, যিনি তার প্রভুর নিকট সম্মানিত, (২) পাপিষ্ঠ, হতভাগ্য, যে তার প্রভুর নিকট নগণ্য।” তারপর তিনি আয়াত তিলাওয়াত

করেন, (হে লোকসকল, يَا أَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُمْ مِنْ ذَكَرٍ وَأُنثَىٰ وَجَعَلْنَاكُمْ شُعُوبًاٰ وَقَبَائِيلَ لِتَعَارِفُوا .....  
নিশ্চয়ই আমরা তোমাদেরকে এক পুরুষ ও এক নারী হতে সৃষ্টি করেছি এবং আমি তোমাদেরকে গোত্র ও জাতীতে সৃষ্টি করেছি, যাতে তোমরা পরম্পরের সাথে পরিচিত হতে পারো। নিশ্চয়ই আল্লাহর নিকট তোমাদের মাঝে সর্বাপেক্ষা বেশি সম্মানিত এই ব্যক্তি যে তোমাদের মাঝে সবচেয়ে বেশি আল্লাহকে ভয় করে।—সূরা হজুরাত: ১৩) তিনি পুরো আয়াত তিলাওয়াত করেন। তারপর তিনি বলেন, “আমি এটা বলছি আর আমার ও তোমাদের জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ২৭৮১; তিরমিয়ী: ৩২৭০; তাফসীরে বাগাবী: ৪/২১৭-২১৮; মুসনাদ আহমাদ: ২/৩৬১;  
আবু দাউদ: ৫১১৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরশাউত রহিমাহল্লাহ মুসলিমের সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন  
আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৮০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93156>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন